দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন সেন্টার

143

তারিখ 10 OCT 1986
পৃষ্ঠা ৫

## উপজেলা পরিক্রমা

# মধুপুর

॥ আবুল হোসেন ॥

টাঙ্গাইল জেলা শহর থেকে ৩০ মাইল উত্তরে টাঙ্গাইল-ময়মনসিংহ সড়কের পাশে পাহাড়িয়া অঞ্চল মধুপুর উপজেলা। ১শ' ৮৫ বর্গমাইল আয়তন বিশিষ্ট এ উপজেলায় মোট জনসংখ্যা ২ লাখ ১৬ হাজার ৬শ' ৪৬ জন। ৯টি ইউনিয়ন ও ৫৪টি গ্রামের সমন্বয়ে এ উপজেলা গঠিত।

**শিক্ষা**

এ উপজেলায় ২টি মহাবিদ্যালয়, ৩টি উচ্চ বালিকা বিদ্যালয়, ৩টি উচ্চ্খবালক বিদ্যালয়, ১১টি মাদ্রাসা ও ৮১টি প্রাথমিক বিদ্যালয় আছে।

**কৃষি**

এখানে উৎকৃষ্ট ধান জন্মে। মধুপুরের মুগ কালাই প্রসিদ্ধ। এ উপজেলায় বিশেষ করে মধুপুরের পাহাড়িয়া অঞ্চলে প্রচুর আনারস, শশা ও অন্যান্য ফসলের চাষ হয়। মধুপুরে যথেষ্ট কাঁঠাল উৎপন্ন হয় মধুপুর পাহাড়ে তুলা ও রাবার চাষ করা হয়।

**যাতায়াত**

টাঙ্গাইল-ময়মনসিংহ সড়ক মধুপুরের ভিতর দিয়ে গেছে এবং মধুপুর হতে আর এক সড়ক জামালপুর পর্যন্ত গেছে।

**চিকিৎসা**

এখানে একটি ২৫ শয্যা বিশিষ্ট হাসপাতাল আছে। এ ছাড়া একটি পল্লী স্বাস্থ্য কেন্দ্র, একটি পশু হাসপাতাল আছে। জলছত্রের আমেরিকার মিশনারীদের পরিচালিত একটি কুষ্ঠ চিকিৎসা কেন্দ্র আছে।

**হাটবাজার**

এ উপজেলায় হাটবাজারের সংখ্যা ৩৪টি। এগুলোর স্থান সংকট, সংস্কার, নর্দমা ও খাবার পানির সংকট তীব্র। পায়খানা প্রশ্রাব খানা ইত্যাদির জন্য জনসাধারণ দুর্ভোগ পোহাচ্ছে।